# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**05-04-2026** **Time: 7.50 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য বিধানসভা নির্বাচনের প্রথম দফায় ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ভোটগ্রহণের জন্য মনোয়নপত্র জমা দেওয়ার আগামীকালই শেষদিন।

চলছে বিভিন্ন রাজনৈতিক দলের জোরদার প্রচার ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোচবিহারের রাসমেলা ময়দানে বিজয় সংকল্প সভা থেকে এরাজ্যে তাঁর প্রচারাভিযানের সূচনা করে বলেন, বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুযোগ তৃণমূল কংগ্রেস সরকারের জন্যই রাজ্যবাসী পাচ্ছেন না।

৩) মূর্শিদাবাদে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রচারে যোগ দিয়ে বলেন, রাজ্যের আধিকারিকদের একের পর এক বদলির ফলে প্রশাসনিক কাজকর্ম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

৪) রাজ্যে এস আই আর অ্যাপিলেট ট্রাইব্যুনাল তার প্রথম রায়ে ফারাক্কার কংগ্রেস প্রার্থীর নাম বৈধ ভোটার তালিকায় সামিল করার নির্দেশ দিয়েছে।

৫) নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটমুখী রাজ্যগুলিতে অভিযান চালিয়ে সাড়ে ৬-শো কোটি টাকারও বেশি মূল্যের নগদ ও মাদক সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। তার মধ্যে শুধু এরাজ্যে বাজেয়াপ্ত হয়েছে ৩১৯ কোটি টাকার সামগ্রী।

৬) বিস্তৃত নিম্নচাপ অঞ্চলের ফলে স্থলভাগে জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যে বৃষ্টির অনুকূল আবহাওয়া তৈরি হয়েছে। বিভিন্ন জায়গা থেকে বিক্ষিপ্ত বৃষ্টির খবর, আগামী ২-৩ ঘণ্টায় উপকূলবর্তী জেলাগুলিতে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া আগামীকালই শেষ হচ্ছে। পরদিন ৭ই এপ্রিল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৯ই এপ্রিল। এই পর্যায়ে ১৫২টি আসনে আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooo

এদিকে, বিভিন্ন রাজনৈতিক দলের প্রচারাভিযান ক্রমশ জোরদার হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পাশাপাশি অন্য রাজনৈতিক দলের নেতা কর্মীরা আজ রবিবারে জোরদার প্রচারে অংশ নেন।

প্রবীণ বিজেপি নেতা ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কোচবিহার থেকে রাজ্যে দলের নির্বাচনী প্রচার শুরু করেছেন। কোচবিহারের রাসমেলা ময়দানে বিজয় সংকল্প সভায় এরাজ্যের শাসক দল মানুষের টাকা লুঠ করছে বলে তিনি অভিযোগ করে বলেন এরাজ্যে বিচার এবং সাংবিধানিক পদ্ধতি সুরক্ষিত নয়। মালদার মোথাবাড়িতে বিচারবিভাগীয় আধিকারিকদের ঘেরাওর ঘটনার তীব্র নিন্দা করেন তিনি।

(বাইট – প্রধানমন্ত্রী/মোথাবাড়ি)

প্রধানমন্ত্রী লোকসভা ও বিধানসভায় মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের প্রয়োজনীয়তার উল্লেখ করে বলেন, কেন্দ্রীয় প্রকল্পগুলি এরাজ্যে আটকে দেওয়া হয়েছে। তার সুবিধা সাধারণ মানুষ পাচ্ছেন না। সিন্ডিকেড রাজ নির্মূল করে সুশাসন প্রতিষ্ঠার জন্য এরাজ্যে বিজেপি সরকার গড়ে ওঠা দরকার বলে শ্রী মোদী মন্তব্য করেন।

(বাইট – প্রধানমন্ত্রী/সিন্ডিকেট)

এরাজ্যের কৃষকরা ফসলের ন্যাহ্য দাম পায় না বলে অভিযোগ করে শ্রী মোদী বলেন, এখানকার রাজ্য সরকার কৃষকদের সঙ্গে অন্যায় করছে। কৃষকদের উন্নত জীবন বিজেপি আনতে পারে বলে শ্রী মোদী মন্তব্য করেন।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ভোটের প্রচারে মূর্শিদাবাদের সামশেরগঞ্জ, জিয়াগঞ্জ – আজিমগঞ্জে সভার করার পর, বহরমপুরে দলীয় প্রার্থীর সমর্থনে রোডশো করেন। সামশেরগঞ্জের সভায় নির্বাচন কমিশনের ভূমিকার কঠোর সমালোচনা করে তিনি বলেন, রাজ্যের আধিকারিকদের যেভাবে একের পর এক বদলি করা হচ্ছে, তাতে প্রশাসনিক কাজকর্ম ব্যাহত হচ্ছে।

(বাইট – মমতা )

ফারাক্কার ড্রেজিং এবং নদী ভাঙনে কেন্দ্রের গাফিলতি রয়েছে বলে তাঁর অভিযোগ।

(বাইট – ফারাক্কা ড্রেজিং)

এই সভা থেকেই তিনি ফারাক্কা থেকে মনোনয়নপত্র প্রত্যাহার না করলে বিদায়ী বিধায়ক মনিরুল ইসলামকে সাসপেন্ড করার নির্দেশ দেন।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ পূর্ব বর্ধমানের রায়নায় দলীর প্রার্থীর সমর্থনে প্রচার করেন।

বাম এবং কংগ্রেস নেতা-কর্মীরাও বিভিন্ন জেলায় দলীয় প্রার্থীদের সমর্থনে জোরাদার প্রচার করেন বলে খবর পাওয়া গেছে।

বহরমপুরে প্রচারে অংশ নেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম খড়গ্রামে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে সামিল হন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রীর সভায় যোগ দিতে যাওয়ার সময় কোচবিহারের মাথাভাঙায় বিজেপি কর্মীদের মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। বিজেপি কর্মীদের বাসে আক্রমণ চালানো হয় বলে অভিযোগ। ঘটনায় দলের এক কর্মী আহত হয়েছেন। তাকে মাথাভাঙা মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে খবর। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী জওয়ানদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। যদিও শাসক দলের তরফে সব অভিযোগ অস্বীকার করা হয়েছে।

oooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের পটাশপুরের ভগবানপুরে বিজেপি প্রার্থীর প্রচারে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। আজ সকালে বিজেপি প্রার্থী দলীয় কর্মীদের সঙ্গে প্রচারে বেরোলে তাঁদের উপর হামলা চালানো হয় ভাঙচুর করা হয় মোটরবাইক ও গাড়িও। প্রতিবাদে বিজেপি কর্মীরা আড়গোয়াল সেতুতে পথ অবরোধ করেন।

oooooooooooooooooooooo

কলকাতার রাসবিহারী বিধানসভা কেন্দ্রে কংগ্রেস প্রার্থীর নির্বাচনী প্রচারে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে দুষ্কৃতিদের বিরুদ্ধে। এব্যাপারে দলের পক্ষ থেকে টালিগঞ্জ থানায় অভিযোগ জানানো হয়েছে। ওই কেন্দ্রের সাধারণ পর্যবেক্ষককেও এব্যাপারে চিঠি দেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশ মতো এরাজ্যের এস আই আর অ্যাপিলেট ট্রাইব্যুনাল মুর্শিদাবাদের ফারাক্কার কংগ্রেস প্রার্থী মহতাব শেখের নামের দ্রুত নিষ্পত্তি করেছে।
কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি টিএস শিবাজ্ঞানমের বেঞ্চ আজ নথিপত্র দেখার পর মহতাব শেখের নাম বৈধ ভোটার তালিকায় নথিভুক্ত করার নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য আগামীকালই প্রথম দফার ভোটগ্রহণের মনোনয়ন পত্র জমা দেওয়ার শেষ তারিখ। এরফলে  মহাতাফ শেখের মনোনয়ন জমা দেওয়ায় কোন বাধা রইল না।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জির বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লংঘনের অভিযোগ করেছে। বিজেপি নেতা শিশির বাজোরিয়া রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে আজ চিঠি দিয়ে জানিয়েছেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং বিজেপি নেতাদের উদ্দেশে কল্যাণ ব্যানার্জীর মন্তব্য উস্কানিমূলক এবং অবমাননাকর। সোশ্যাল মিডিয়ায় কল্যাণ ব্যানার্জির বক্তব্যের ভিডিও অবিলম্বে সেন্সর করা এবং এই ধরনের মন্তব্য থেকে তৃণমূল কংগ্রেস নেতাদের বিরত থাকার জন্য কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি জানানো হয়েছে ওই চিঠিতে।

এদিকে, SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকা থেকে নাম বাদ পড়া ভোটারদের সহায়তায় এস ইউ সি আই (কমিউনিস্ট) জেলাগুলিতে হেল্প ডেস্ক খুলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ সহ ভোটমুখী বিভিন্ন রাজ্য থেকে সাড়ে ছশো কোটি টাকারও বেশি মূল্যের নগদ টাকা , মদ , মাদক দ্রব্য বাজেয়াপ্ত করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। এর মধ্যে ৩১৯ কোটির টাকার সামগ্রী উদ্ধার হয়েছে পশ্চিমবঙ্গ থেকে। তালিকার শীর্ষে রয়েছে এরাজ্য। কমিশন আরো জানিয়েছে , বিভিন্ন অভিযোগের দ্রুত নিস্পত্তির জন্য পাঁচ হাজার একশোরও বেশি flying squad মোতায়েন করা হয়েছে। এছাড়াও গুরুত্বপূর্ণস্থানে তল্লাশি চালানোর জন্য পাঁচ হাজার দুশোরও বেশি নজরদারি দল রয়েছে ।

oooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পূর্ব মেদিনীপুর জেলায় পর্যালোচনা বৈঠক করেন। এতে জেলার নির্বাচনী ও প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়।

জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার, ডিআইজি, রিটার্নিং অফিসার, অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার, মহকুমাশাসক, বিডিও, ডিএসপি, এসডিপিও এবং থানার আইসি-ওসি-সহ সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তারা উপস্থিত ছিলেন।

এছাড়াও বৈঠকে কমিশনের নিযুক্ত পুলিশ পর্যবেক্ষক, নির্বাচন কমিশনের প্রিন্সিপাল সেক্রেটারি ও সেক্রেটারি এবং পশ্চিমাঞ্চলের এডিজি উপস্থিত ছিলেন ।

বৈঠকে আইনশৃঙ্খলা পরিস্থিতি, বুথভিত্তিক প্রস্তুতি, নিরাপত্তা ব্যবস্থা এবং অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করার কৌশল নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়েছে। নির্বাচন কমিশনের তরফে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে, ভোট প্রক্রিয়ায় কোনওরকম গাফিলতি বরদাস্ত করা হবে না।

ooooooooooooooooooooo

জাল নথি তৈরি করে ভারতে বসবাস করার অভিযোগে জলপাইগুড়ির ফুলবাড়ি সীমান্ত থেকে এক বাংলাদেশী পরিবারকে পুলিশ গ্রেফতার করেছে। ধৃত দম্পত্তি আজম আলি  এবং রিমা আখতার ২০১৬ সালে চিকিৎসার জন্য বৈধ নথিপত্র নিয়ে ভারতে এসেছিল। কিন্তু ভিসার মেয়াদ শেষ হওয়ার পরে তারা জাল আধার কার্ড এবং ভারতীয় পাসপোর্ট তৈরি করে এদেশে বসবাস করছিল। গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে পুলিশ তাদের গ্রেফতার করে।

এদিকে, উত্তর ২৪ পরগনার স্বরূপনগরের তারালী সীমান্ত অবৈধভাবে পার হওয়ার সময় দুই বাংলাদেশী নাগরিক ও তাঁদের সাহায্যকারী দুই মহিলাকে পুলিশ গ্রেপ্তার

করেছে। আজ তাঁদের বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

oooooooooooooooo

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ থেকে তেলেঙ্গানা পর্যন্ত বিস্তৃত নিম্নচাপ অঞ্চল এবং এর প্রভাবে স্থলভাগে প্রচুর পরিমাণ জলীয়বাষ্প প্রবেশ করায় রাজ্যের বৃষ্টির অনুকূল আবহাওয়া তৈরি হয়েছে। আজ সকাল থেকেই স্থানীয়ভাবে মেঘ তৈরি হয়ে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি শুরু হয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতেও দমকা হাওয়া সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়।

আগামী মঙ্গলবার থেকে বাতাসের গতিবেগ ও বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

বাইট-অন্বেষা

এদিকে, বৃষ্টি ও মেঘলা আকাশের কারণে আজ থেকেই দিনের তাপমাত্রা বেশ কিছুটা কমেছে। আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে তিন দশমিক আট ডিগ্রি কম।

পরবর্তী ২-৩ ঘণ্টায় দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooo